

## হরতাল-অবরোধে ইংরেজি মাধ্যমের আজকের চার পরীক্ষা স্থগিত

### ইত্তেফাক রিপোর্ট

৪৮ ঘণ্টা হরতালের কারণে আজ বৃহস্পতিবারের 'এ' লেভেল এবং 'ও' লেভেলের চারটি পরীক্ষা স্থগিত করা হয়েছে।

আজ 'এ' লেভেলে 'স্ট্যাটিস্টিকস-২' এবং 'ফিজিক্স-৫' পরীক্ষা অনুষ্ঠিত হওয়ার কথা ছিল। 'ও' লেভেলে অনুষ্ঠিত হওয়ার কথা ছিল 'এফপি ম্যাথ' এবং 'ইংলিশ ল্যাংগুয়েজ' পরীক্ষা।

বাংলাদেশে 'ও' এবং 'এ' লেভেলের শিক্ষা কার্যক্রম ও পরীক্ষা পরিচালনাকারী ব্রিটিশ কাউন্সিলের একজন দায়িত্বশীল কর্মকর্তা বৃহবার রাতে গণমাধ্যমকে জানান, পরীক্ষা স্থগিতের জন্য বোর্ডের কাছে অনুমতি চাওয়া হয়েছে। বোর্ডও

পরীক্ষা স্থগিতের সিদ্ধান্ত গ্রহণ করে।

অর্ন্যাটিকে ২০ দলীয় জোট এবং জাতীয়তাবাদী ছাত্রদল 'ও লেভেল' তাদের অবরোধ-হরতাল কর্মসূচির আওতামুক্ত ঘোষণা করেছে। বৃহবার রাতে গণমাধ্যমে পাঠানো এক সংবাদ বিজ্ঞপ্তিতে এ কথা জানান বিএনপির ভাইস চেয়ারম্যান সেকিমা রহমান। এতে বলা হয়, হরতাল-অবরোধ কর্মসূচি বহাল থাকবে। তবে 'ও লেভেল' পরীক্ষা

### ২০ দল জানায় পরীক্ষা হরতালের আওতামুক্ত

এ কর্মসূচির আওতায় পড়বে না। বৃহস্পতিবার রাত ৮টা থেকে শুক্রবার সকাল ৬টা পর্যন্ত পরীক্ষার্থীদের বহনকারী যানবাহন হরতালের আওতামুক্ত বলে সংবাদ বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।